

ঝরঝর বরিষে বারিধারা ।  
হায় পথবাসী, হায় গতিহীন, হায় গৃহহারা ॥  
ফিরে বায়ু হাহাস্বরে, ডাকে কারে  
জনহীন অসীম প্রান্তরে—  
রজনী আঁধারা ॥  
অধীরা যমুনা তরঙ্গ-আকুলা অকুলা রে,  
তিমিরদুকুলা রে ।  
নিবিড় নীরদ গগনে গরগর গরজে সঘনে,  
চঞ্চলচপলা চমকে— নাহি শশীতারা ॥

---

Parjaay: Prakriti / Borsha, Taal: Kaharwa, Raag: Megh  
Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail